



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web: www.dinajpureducationboard.gov.bd, email : dinajpureducationboard@gmail.com



স্মারক নং- মাউশিবোদি/প্রশাঃ/সংস্থাপন/বিজ্ঞপ্তি/১৬/২০০৮/৩৪৯৪(০৭)

তারিখঃ ১৪/০৫/২০২০ খ্রি.

বিজ্ঞপ্তি

অত্র শিক্ষা বোর্ডের কর্মকর্তা, কর্মচারী এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দেশব্যাপী করোনা ভাইরাস রোগ (কোভিড-১৯) সংক্রমণ মোকাবেলা এবং এর ব্যাপক বিস্তার রোধকল্পে অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে পূর্বের ধারাবাহিকতায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং- ০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭-১৩৭, তারিখ : ১৪/০৫/২০২০ মোতাবেক আগামী ১৭/০৫/২০২০ তারিখ হতে ২৮/০৫/২০২০ তারিখ পর্যন্ত সাধারণ ছুটির মেয়াদকাল বৃদ্ধি করা হলো। ২১/০৫/২০২০ তারিখ (শব-ই-কুদরের সরকারি ছুটি), ২২-২৩ ও ২৯-৩০ মে ২০২০ তারিখ সাপ্তাহিক ছুটি এবং ২৪, ২৫ ও ২৬ মে ২০২০ তারিখ (ঈদ-উল-ফিতরের সাধারণ/সরকারি ছুটি) এ ছুটির অন্তর্ভুক্ত থাকবে।

জনস্বার্থে গুরুত্বপূর্ণ কার্যসম্পাদন চলমান থাকবে। স্বাস্থ্য বিভাগ কর্তৃক জারিকৃত নির্দেশমালা কঠোরভাবে মেনে চলার জন্য এবং জরুরি যোগাযোগের প্রয়োজনে মোবাইল ফোন চালু রাখার জন্য সকল কর্মকর্তা-কর্মচারীকে অনুরোধ করা হলো। উল্লিখিত সাধারণ, সরকারি ও সাপ্তাহিক ছুটির সময়কালে এবং ঈদ-উল-ফিতরের সরকারি ছুটিতে কর্মস্থল ত্যাগ না করার জন্য অত্র শিক্ষা বোর্ডের সকল কর্মকর্তা ও কর্মচারীকে অনুরোধ করা হলো (শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক : ৩৭.০০.০০০০.০৬১.৯৯.০৭৯.১৭. ২৬৮, তারিখ : ০৫/০৫/২০২০)।

জরুরি সেবার জন্য সেবা গ্রহীতাগণকে শিক্ষা বোর্ডের ই-মেইলে (dinajpureducationboard@gmail.com) যোগাযোগের জন্য অনুরোধ করা হলো।

(Handwritten signature)
১৪, ০৫, ২০২০

প্রফেসর মোঃ আমিনুল হক সরকার
সচিব

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো :

- ১। পরীক্ষা নিয়ন্ত্রক, অত্র শিক্ষা বোর্ড (পরীক্ষা বিভাগের সকল কর্মকর্তা ও কর্মচারীগণকে অবহিতকরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ২। কলেজ পরিদর্শক, অত্র শিক্ষা বোর্ড (কলেজ বিভাগের সকল কর্মকর্তা ও কর্মচারীগণকে অবহিতকরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৩। বিদ্যালয় পরিদর্শক, অত্র শিক্ষা বোর্ড (বিদ্যালয় বিভাগের সকল কর্মকর্তা ও কর্মচারীগণকে অবহিতকরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৪। উপ-সচিব, অত্র শিক্ষা বোর্ড (প্রশাসন বিভাগের সকল কর্মকর্তা ও কর্মচারীগণকে অবহিতকরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, অত্র শিক্ষা বোর্ড (হিসাব বিভাগের সকল কর্মকর্তা ও কর্মচারীগণকে অবহিতকরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৬। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড (চেয়ারম্যান মহোদয়কে অবহিতকরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৭। অফিস কপি।